

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
shed.gov.bd



গণপ্রজাতন্ত্রী ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চারি
ভাগের হাতে

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৮.১০.০০১৫.২৫.২১

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অতীশ দীপক্ষ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর ২০২৩-২০২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য অডিট ফার্ম নিয়োগ।

সূত্র: এডাস্ট/রেজি.(এইচ.আর.ডি)/২০২৫/৭২৭; তারিখ: ১২/১৮/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ ধারা অনুযায়ী সরকার অতীশ দীপক্ষ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর ২০২৩-২০২৪ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত কার্যপরিধি অনুযায়ী এম. জেড. ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, ইন্স্টার্ন ভিউ (১০ তলা), ৫০, ডিআইটি এক্সেন্টন রোড, নয়া পল্টন, ঢাকা-১০০০-কে অডিট ফার্ম হিসেবে নিয়োগে অনুমোদন প্রদান করেছে:

কার্যপরিধি:

- (১) বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;
- (২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;
- (৩) সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে করে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;
- (৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;
- (৫) বিশ্ববিদ্যালয়ে আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;
- (৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধকরে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাঁপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কি-না তা নিশ্চিত করা;
- (৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;
- (৮) ব্যাংকের হিসাব /হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা;
- (৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;
- (১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;
- (১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;
- (১২) VAT, IT আর্থিক বিধি মাফিক কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;
- (১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন ব্যক্তি বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা;
- (১৪) এছাড়াও বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৪৫(১) ধারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা।

২.০ বর্ণিতাবস্থায়, বিশ্ববিদ্যালয়টির ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম উপর্যুক্ত কার্যপরিধির আলোকে আবশ্যিকভাবে সম্পাদন করতঃ প্রচলিত অন্যান্য অডিট কার্যক্রম নিষ্পত্তি করে যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশনে নিরীক্ষা প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০১-২০২৬

মোৎ নেছার উদ্দিন

সিনিয়র সহকারী সচিব

৫৫১০০৫০৯

private.univ1@shed.gov.bd

রেজিস্ট্রার

অতীশ দীপক্ষ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সেক্টর # ১৫, উত্তরা, ঢাকা-১২৩০।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৮.১০.০০১৫.২৫.২১/১ (৬)

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জাতার্থে/জাতার্থে (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দণ্ডর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ২। অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দণ্ডর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫। এম. জেড. ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, ইস্টার্ন ভিউ (১০ তলা), ৫০, ডিআইটি এক্সেন্টেনশন রোড, নয়া পল্টন, ঢাকা-১০০০।
- ৬। অফিস কপি/গার্ড ফাইল, বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।



২২-০১-২০২৬

মোৎ নেছার উদ্দিন

সিনিয়র সহকারী সচিব